

প্রথম আলো

বিজ্ঞান ও প্রযুক্তি

ফেসবুকে খবর পড়ার নতুন সুবিধা

অনলাইন ডেস্ক | আপডেট: ১১:৩৩, এপ্রিল ১৮, ২০১৬



ফেসবুকে যাঁরা খবর পড়তে পছন্দ করেন, তাঁদের জন্য বিশেষ সুবিধা আনছে ফেসবুক। ফেসবুক মোবাইল অ্যাপে 'নিউজ সেকশন' নামের একটি ফিচার যুক্ত করছে ফেসবুক কর্তৃপক্ষ।

ফেসবুকের নতুন এই ফিচার অ্যান্ড্রয়েড ও আইওএস দুই প্ল্যাটফর্মেই ব্যবহার করা যাবে। এটি হবে আইওএস প্ল্যাটফর্মের জন্য ফেসবুকের তৈরি 'ফেসবুক পেপার' অ্যাপটির মতো।

প্রযুক্তি-বিষয়ক ওয়েবসাইট ম্যাশেবল টেককে নিশ্চিত ফেসবুক কর্তৃপক্ষ জানিয়েছে, ফেসবুকের নিউজ ফিড পরিবর্তন আনার বিষয়টি পরীক্ষা চালাচ্ছে তারা। গত শুক্রবার ফেসবুকের নতুন এই বিভাগের স্ক্রিনশট টুইটারে উঠে আসে। এই ফিচারের মাধ্যমে নির্দিষ্ট শিরোনামভিত্তিক একাধিক খবরের উৎস থেকে খবর জানার সুযোগ পাবেন ব্যবহারকারী। ফেসবুকের এক মুখপাত্র এ তথ্যের সত্যতা নিশ্চিত করে বলেছেন, 'ফেসবুক ব্যবহারকারীদের প্রতিক্রিয়া আমরা জেনেছি। অনেকেই বলেছেন, তাঁরা পছন্দের নির্দিষ্ট খবর জানার জন্য আরও সুবিধা চান। তাই নির্দিষ্ট শিরোনামভিত্তিক নিউজ ফিড দিয়ে আমরা পরীক্ষা চালিয়ে দেখেছি।'